



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৮ আগস্ট ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

প্রগতিশীল ছাত্র সংগঠনসমূহের নেতাকর্মীদের উপর হামলা ও মামলার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর সহসভাপতি নতুন কুমার চাকমা গতকাল ঢাকার শাহবাগে “প্রগতিশীল ছাত্র সংগঠনসমূহের” জ্বালানী তেলের মূল্যবৃদ্ধির প্রতিবাদে ঢাকা শান্তিপূর্ণ সমাবেশে বিনা উস্কানিতে পুলিশের হামলা, লাঠিপেটা এবং পরে উল্টো প্রতিবাদকারী ছাত্র নেতাদের বিরুদ্ধে মামলা দেওয়ার ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

আজ ৮ আগস্ট ২০২২, সোমবার, এক বিবৃতিতে তিনি পুলিশের উক্ত আচরণকে সরকারের চরম অগণতান্ত্রিক ও ফ্যাসিস্ট মনোভাবের নগ্ন বহিঃপ্রকাশ হিসেবে আখ্যায়িত করে বলেন, সরকার একদিকে জ্বালানী তেলের দাম অন্যায় ও অস্বাভাবিকভাবে বৃদ্ধি করে সাধারণ জনগণের রুজি রোজগারের উপর আঘাত হেনেছে, অন্যদিকে তার বিরুদ্ধে প্রতিবাদ করতে চাইলে তাদের উপর শারীরিকভাবে পুলিশ দিয়ে আক্রমণ চালাচ্ছে।

ইউপিডিএফ নেতা জনগণের ন্যায্য আন্দোলন দমনের উদ্দেশ্যে পাহাড়ি ছাত্র পরিষদের সভাপতি সুনয়ন চাকমাসহ বাম প্রগতিশীল ছাত্র সংগঠনের নেতা কর্মীদের বিরুদ্ধে দায়েরকৃত উক্ত বানোয়াট ও হয়রানিমূলক মামলা অবিলম্বে প্রত্যাহারের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।